আলমডাঙ্গায় ফুর্তি করতে গিয়ে গ্যাঁড়াকলে চার বখাটে

একটি মেয়ে নিয়ে নির্জন মাঠের ভেতর ফুঁর্তি করতে গিয়ে ফেঁসে গেছে চার যুবক। মেয়েটির সাথে চুক্তি করা হয়েছিল তাকে তিন হাজার টাকা দেওয়া হবে। কিন্ত ফুঁর্তি শেষে তারা মেয়েটিকে দেয় ৭শ টাকা। আর শেষ পর্যন্ত এই প্রতারনার খবর পুলিশে গিয়ে গড়ায়। প্রতারক চার যুবককে জেলে যেতে হয়েছে। ঘটনাটি ঘটেছে আলমডাঙ্গার জামজামী গ্রামে।

পুলিশ জানায়, জামজামী গ্রামের হান্নানের ছেলে রুহুল, মোজাম্মেল মালিথার ছেলে শিপন, রবজেলের ছেলে মিরাজুল ও মতিয়ার রহমানের ছেলে সোহেল এলাকার বখাটে। তারা ফুঁর্তি করতে কালিদাসপুর গ্রামের সফিউদ্দিনের মেয়ে নাসরিনের (ছদ্মনাম) সাথে তিন হাজার টাকায় চুক্তিবদ্ধ হয়।

এই চুক্তিতে চার বখাটে সোমবার রাতে নাসরিনকে জামজামীর নির্জন মাঠে নিয়ে যায়। কিন্ত ফুঁর্তি শেষে চারজন নাসরিনকে টাকা দেয় ৭শ। এতে সে আপত্তি করলে মেয়েটিকে মাঠের ভেতর রেখেই তারা যার যার মত বাড়িতে চলে যায়। এবং যার যার মত সবাই তার তার বাড়িতে ঘুমিয়ে পড়ে।

মেয়েটি এরপর পায়ে হেটে মাঠের অন্ধকার ছেড়ে জামজামী বাজারে আলোর রাস্তায় এসে পৌছে। বাজারে তার সাথে দেখা হয় এক নৈশ প্রহরীর। গভীর রাতে বাজারের রাস্তায় মেয়েটিকে একা দেখে নৈশ প্রহরী জিজ্ঞাসাবাদ করে। এরপর সে মেয়েটিকে জামজামী পুলিশ ক্যাম্পে নিয়ে যায়।

পুলিশ সব শুনে রাতেই বাড়িতে ঘুমিয়ে থাকা রুহুল, শিপন, মিরাজুল ও সোহেলকে একে একে তুলে নিয়ে আসে। ক্যাম্প মঙ্গলবার সকালে তাদেরকে থানায় হস্তান্তর করে। চারজনের নামে মামলা দিয়ে মঙ্গলবারে তাকে জেল হাজতে পাঠাপনো হয়েছে।

আলমডাঙ্গার মোড়ভাঙ্গার মাদক ব্যবসায়ী সেতু ফেন্সিডিলসহ আটক

আলমডাঙ্গার হারদী ইউনিয়নের মোড়ভাঙ্গা বাজার থেকে মাদক ব্যবসায়ী সেতুকে ৮ বোতল ফেন্সিডিলসহ আটক করেছে থানা পুলিশ। মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে বাজারের বিজয়ের কফি হাউজের সামনে থেকে তাকে আটক করা হয়।

সেতু মোড়ভাঙ্গা গ্রামের বাচ্চ মিয়ার ছেলে। সে ফেন্সিডিল নিয়ে কারো জন্য অপেক্ষা করছিল। সংবাদ পেয়ে থানার এসআই সফিকুল ইসলাম, এসআই জামাল উদ্দিন ও এএসআই শাহাবুদ্দিন লস্কর সেতুর জন্য আগে থেকেই ওঁত পেতে থাকে। সে এলেই তাকে আটক করা হয়। এ সময় তার কাছে ৮ বোতল ফেন্সিডিলের একটি ব্যাগ পাওয়া যায়।

পুলিশ জানায়, সেতু বাইরের এলাকা থেকে ফেন্সিডিলের চালান এনে এলাকায় বিক্রি করে আসছিল। মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে ৮ বোতল ফেন্সিডিল নিয়ে সে কারো কাছে দিতে ওই দোকানের সামনে অপেক্ষা করছিল। এ সময় তাকে আটক করা হয়। মাদক ব্যবসায়ী সেতুর নামে মাদক আইনে মামলা দায়ের হয়েছে।

আলমডাঙ্গার পাইলট ও আল-ইকরা একাডেমীর সাফল্য

এসএসসি পরীক্ষায় সর্বোচ্চ সাফল্য পাওয়ার পর ঢাকার নটরডেম ও সেন্ট জোসেফ কলেজে মেধা তালিকায় এইচএসসিতে ভর্তির সুযোগ পেয়ে রীতিমত হইচই ফেলে দিয়েছে আলমডাঙ্গার চার কৃতি শিক্ষার্থী। চলতি অনলাইনে ভর্তি পরীক্ষায় এই চার শিক্ষার্থী একই সাথে ঢাকার নটরডেম, সেন্ট জোসেফ ও রেসিডেন্সিয়াল মডেল কলেজে ভর্তির সুযোগ পায়।

নটরডেম কলেজে ভর্তির সুযোগ পাওয়া রোহান কলেজপাড়ার রাকিবুল

ইসলাম তুহিনের ছেলে, নোবেল বাবুপাড়ার সিরাজুল ইসলামের ছেলে এবং রাইসুল মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হকের ছেলে। রাইসুল ভর্তির সুযোগ পেয়েছে ঢাকার সেন্ট জোসেফ কলেজে। এই তিনজনই আলমডাঙ্গা সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ের ছাত্র। আর সাকিব আহমেদ আলমডাঙ্গার অন্যতম বিদ্যাপীঠ আল-ইকরা ক্যাডেট একাডেমীর শিক্ষার্থী। সে ভর্তির সুযোগ পেয়েছে নটরডেম কলেজে।

অপরদিকে, সারা বছর প্রচার প্রচারনায় থাকা ব্রাইট মডেল স্কুলের কোন শিক্ষার্থী বরাবরের মত এবারও কোন নামকরা কলেজে ভর্তির সুযোগ পায়নি। এ বিষয়ে শহরের চায়ের দোকানগুলোতে সচেতন অভিভাবকদের মাঝে স্কুলের পড়াশোনার মান নিয়ে চুলচেরা বিশ্লেষণ চলছে। চলছে আলোচনা ও সমালোচনা।

খোঁজ নিয়ে জানা গেছে, আল-ইকরা ক্যাডেট একাডেমীর ছাত্র সাকিব আহমেদ ক্লাস ফাইভ, এইট ও এসএসসিতে গোল্ডেন জিপিএ-৫ পেয়ে উত্তীর্ণ হয়। এর মধ্যে এইটে উপজেলার সেরা ও এসএসসিতে জেলার সেরা মেধা তালিকায় স্থান পায়। সাকিব এসএসসিতে আবার বোর্ডের ট্যালেন্টপুলেও বৃত্তি পেয়েছে।

পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র রোহান, নোবেল ও রাইসুল তিনজনই ক্লাস ফাইভ ও এইটে গোল্ডেন জিপিএ-৫ পায়। এসএসসিতেও রোহান ও নোবেল বোর্ডের সাধারণ গ্রেডে বৃত্তি পেয়েছে।

সাকিব জানায়, সে আগামীতে দেশসেরা ইঞ্জিনিয়ার হতে চায়। পড়তে চায় বুয়েটে।

রোহান ও নোবেল এই দুইজনও ইঞ্জিনিয়ার হতে চায়। তারাও বুয়েটে পড়াশোনা করার স্বপ্ন দেখছে। অপরদিকে, রাইসুল হতে চায় ডাক্তার।

দামুড়হুদায় ১৯ বোতল ফেন্সিডিল সহ আটক ১

চুয়াডাঙ্গার দামুড়হুদার আটকবর মোড়ে অভিযান চালিয়ে ১৯ বোতল

ফেন্সিডিলসহ কাবিদুল ইসলাম নামের এক মাদক কারবারিকে আটক করেছে পুলিশ।

গতকাল শনিবার সকাল ১০ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে নাটুদহ পুলিশ ক্যাম্পের এস আই মোঃ পলাশ পারভেজ, এএসআই মোঃ সাখাওয়াত হোসেন সঙ্গীয় ফোর্সসহ জগন্নাথপুর আটকবর মোড় এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এ সময় চুয়াডাঙ্গা জেলা দামুড়হুদা উপজেলার মুন্সিপুর গ্রামের মোঃ আঃ ওহাব এর ছেলে মোঃ কাবিদুল ইসলাম (২৫) কে জগন্নাথপুর আটকবর মোড় থেকে আটক করে পুলিশ। এ সময় আসামির কাছ থেকে ১৯ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয় ।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আব্দুল খালেক বলেন আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা করা হয়েছে এবং শনিবার আসামিকে আদালতে প্রেরণ করা হয়েছে।

করোনা ভীতি উপেক্ষা, আলমডাঙ্গায় ঠান্ডুর জানাজায় শত শত মানুষ

চুয়াডাঙ্গা জেলা পরিষদের সদস্য ও আলমডাঙ্গার ভাংবাড়িয়া ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আশাবুল হক ঠান্ডুর দাফন সম্পন্ন হয়েছে। শুক্রবার সকাল ১০ টায় বড়বোয়ালিয়া প্রাথমিক বিদ্যালয় মাঠে জানাজা শেষে পারিবারিক কবরস্থানে তাকে দাফন করা হয়। জানাজায় করোনা ভীতি উপেক্ষা করে শত শত মানুষ অংশ নেয়।

আশাবুল হক ঠান্ডুর জানাজায় অংশ গ্রহন করেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামীলীগের সভাপতি সোলাইমান হক জোয়ার্দ্দার ছেলুন, আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী, পৌরসভার মেয়র হাসান কাদির গনু, আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর,

জেলা আওয়ামীলীগের সহসভাপতি খোস্তার জামিল, যুগ্ম-সাধারন সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, মাসুদুজ্জামান লিটু, তথ্য ও গবেষনা বিষয়ক সম্পাদক ও ভাংবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কাওছার আহমেদ বাবলু, জেলা ছাত্রলীগের সভাপতি মোহাইমেন হাসান হেজায়ার্দ্দার অনিক, উপজেলা আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, কাজি খালেদুর রহমান অরুন, খাদিমপুর ইউপির চেয়ারম্যান আব্দুল হালিম মন্ডল ও মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির সচিব ও আওয়ামীলীগ নেতা জিনারুল ইসলাম।

এরআগে করোনাভাইরাসে আক্রান্ত আশাবুল হক ঠান্ডু বৃহস্পতিবার বিকেলে ঢাকার পপুলার হাসপাতালে মৃত্যুবরন করেন। তার লাশ গভীর রাতে এসে পৌছায় আলমডাঙ্গার বড়বোয়ালিয়ায় গ্রামের বাড়িতে। তার লাশ দাফনের সিদ্ধান্ত নেওয়া হয় শুক্রবার সকাল ১০ টায়।

এদিকে, সকাল ১০ টার আগেই বিভিন্ন এলাকা থেকে শত শত মানুষ জানাজার স্থানে এসে উপস্থিত হন। উপস্থিত হন চুয়াডাঙ্গা ও আলমডাঙ্গার নেতাকর্মীরা। নিহত ঠান্ডুর নিজের ও আশপাশের গ্রাম থেকেও মানুষ করোনা ভীতি উপেক্ষা করে জানাজায় অংশ নিতে দেখা যায়। কিছুক্ষনের মধ্যেই বড়বোয়ালিয়া স্কুল মাঠ ও পাশের খোলা জায়গা মানুষে ভর্তি হয়ে যায়।

প্রথমদিকে, থানার ওসি আলমগীর কবীর মাইকে সামাজিক দুরত্ব বজায় রেখে জানাজায় অংশ নেওয়ার জন্য উপস্থিত সবাইকে অনুরোধ করতে থাকেন। কিন্ত অতিরিক্ত মানুষের চাপে শেষ পর্যন্ত জানাজায় সামাজিক দুরুত্ব বজায় রাখা আর সম্ভব হয়নি।

কুলপালাকে ২-১ গোলে পরাজিত করলো রাধাকান্তপুর

মেহেরপুরের রাধাকান্তপুরে প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছে। এ খেলায় ২-১ গোলে রাধাকান্তপুর একাদশ জয়লাভ করে। অপরদিকে অংশগ্রহণ করে চুয়াডাঙ্গা জেলার কুলপালা একাদশ।

খেলায় রাধাকান্তপুর একাদশের হয়ে ১টি করে গোল করেন দলীয় অধিনায়ক হাসনাত শাহিন ও স্ট্রাইকার শামীম। অপরদিকে কুলপালার পক্ষে একমাত্র গোলটি করেন কৃষ্ণ। জাতীয় দলের খেলোয়াড় কেষ্ট ছিল মুল আকর্ষণ। এছাড়াও উভয় দলেই ছিল বহিরাগত খেলোয়াড়।

খেলার প্রথমার্ধে একটি গোল করে দলকে এগিয়ে দেয় শাহিন। দ্বিতীয়ার্ধে দ্বিতীয় গোলটি করে দলকে আরও এগিয়ে দেয় শামীম। সহজ সুযোগ বেশ কয়েকটি মিস করে কুলপালা। শেষ দিকে একটি গোল করে ২-১ গোলে পরাজিত হয়ে মাঠ ছাড়ে তারা।

খেলা পরিচালনা করেন মেহেরপুর জেলার একসময়ের দুর্দান্ত খেলোয়াড় টিটু।

মেপ্র/এমএফআর

কার্পাসডাঙ্গায় জাতীয় কবি কাজী নজরুল ইসলামের মৃত্যুবার্ষিকী পালন

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় পালিত হয়েছে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৪৪ তম মৃত্যুবার্ষিকী।

গতকাল বৃহস্পতিবার বিকাল ৪ টার দিকে নজরুল স্মৃতি বিজড়িত পল্লীতে স্মৃতি ফলকে পুস্পমাল্য অর্পণ করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ ইয়াহ খান।

জেলা প্রশাসনের পুস্পমাল্য অর্পণের পরে উপজেলা প্রশাসন, কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সংসদ, কার্পাসডাঙ্গা কলেজ, কার্পাসডাঙ্গা সজীব ওয়াজেদ জয় পরিষদ পুস্পমাল্য অর্পণ করে।

পুস্পমাল্য অর্পণের পর কবির আত্নার মাগফিরাত কামনায় দোয়া ও প্রার্থনা করা হয়। এ সময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসনের নেজারত ডেপুটি কালেক্টর ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আমজাদ হোসেন, উপজেলা

সহকারি কমিশনার (ভূমি) মোঃ মহিউদ্দিন, নজরুল স্মৃতি সংসদের সভাপতি এমএ গফুর, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, ফাদার লাভলু সরকার, রেভাঃ লরেন্স মৃত্যুঞ্জয় মন্ডল, আটচালা ঘর মালিক প্রকৃতি বিশ্বাস বকুল, মধু বিশ্বাস, প্রভাষক আয়ুব হোসেন, বিল্লাল হোসেন,

বিশিষ্ট ব্যবসায়ী মাহবুবুর রহমান, শিল্পী নিশাত শারমিন সোনিয়া, আলো মন্ডল, ইউনিয়ন যুবলীগের যুগ্নসম্পাদক রতন বিশ্বাস, প্রচার ও প্রকাশনা সম্পাদক মেহেদী হাসান মিলন, শিমুল রেজা, যুববলীগ নেতা জাব্বার খাবলী, ছাত্রলীগনেতা মেসকাত আলী, সুলতান মাহমুদ, ফরিদুজ্জামান রানা, জাহাঙ্গীর আলম, দীপ বিশ্বাস, মোহন মন্ডল, হক সাহেব, নজরুল স্মৃতি সংসদের আইটি মতিউর রহমান। এদিকে রাত ৮ টার সময় নজরুল স্মৃতি সংসদ কার্যলয়ে ভার্চুয়াল মাধ্যমে গানে গানে নজরুল স্মরণ লাইভ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

দামুড়হুদার জুড়ানপুরে ভোক্তা অধিকার সংরক্ষণের ভ্রাম্যমাণ অভিযান

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার জুড়ানপুর বাজারে চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকার সংরক্ষণের ভ্রাম্যমাণ অভিযান চালিয়ে জরিমানা আদায় করা হয়েছে।

বৃহস্পতিবার ২৭ আগস্ট সকালে চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকার সংরক্ষণের সহকারী পরিচালক জনাব সজল আহমেদ এর নেতৃত্বে এই ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করা হয়।

এ সময় জুড়ানপুর বাজারে ফার্মেসি, সারের দোকান,কসমেটিকস দোকানসহ বিভিন্ন দোকানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এই অভিযানে মেসার্স মোল্লা মেডিক্যাল হল কে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার অভিযোগে নগত ৫,০০০ টাকা, মেসার্স বকুল ট্রেডার্স কে মেয়াদ

উত্তীর্ণ ফায়ার সার্ভিসের সনদ রাখার অভিযোগে নগত ২,০০০ টাকা ও মেসার্স বিশ্বাস ট্রেডার্স কে মেয়াদ উত্তীর্ণ এগ্রো কেমিক্যালস রাখার অভিযোগে নগত ২,০০০ টাকা জরিমানা করা হয়।

এ সময় ভোক্তা অধিকার সংরক্ষণ চুয়াডাঙ্গার সহকারী পরিচালক জনাব সজল আহমেদ বাজারের সকল দোকানদার, কর্মচারীদের ও সাধারণ মানুষদেরকে এই বিষয়ে সচেতন করেন।

দামুড়হুদায় পানিতে ডুবে প্রতিবন্ধী কিশোরের মৃত্যু

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কেশবপুর গ্রামের বালি গর্তের পানিতে ডুবে আবুল বাশার খাঁন(১২) নামের প্রতিবন্ধী কিশোরের মৃত্যু হয়েছে। মৃত আবুল বাশার দামুড়হুদা খাঁন পাড়ার আব্দুল মমিন খাঁনের ছেলে।

বৃহস্পতিবার সকালে তার মরদেহ উদ্ধার করে পরিবারের লোকজন।

দামুড়হুদা সদর ইউপির সাবেক মেম্বর ও পরিবারের লোকজন জানান, গতকাল বুধবার সকাল ১০টার দিকে আবুল বাশার বাড়ী থেকে বের হয়ে আর বাড়ী ফেরেনি।

সারাদিন বহু খোঁজা খুঁজি করেও তার কোন সন্ধান পাওয়া যায়নি। সকাল সাড়ে ৯টার দিকে গ্রামের ছেলেরা ঐ বালি গর্তে মাছ ধরতে গিয়ে প্রতিবন্ধী কিশোরের মরদেহ পানিতে ভাসতে দেখে গ্রামে খবর দিলে স্থানীয়রা ও পরিবারের লোকজন সকাল ১০টার দিকে মরদেহ উদ্ধার করে বাড়ীতে নিয়ে আসে।

পরিবারের লোকজনসহ স্থানীয়রা ধারনা করছেন বালি গর্তের ধারে ঘুরতে গিয়ে অসাবধানতা বসত পানিতে পড়ে তার মৃত্যু হয়েছে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আব্দুল খালেক ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন

[redacted]

[redacted]